LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

রবিবার, ৮ই জুলাই , **২০১৮ ইং**

এসকোয়্যারের বিডিং থেকেই কার্যকর হচ্ছে নতুন আচরণবিধি

বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণপ্রস্তাবের (আইপিও) মাধ্যমে পুঁজিবাজার থেকে অর্থ সংগ্রহে আগামীকাল ইলেকট্রনিক বিডিং শুরু করছে এসকোয়্যার নিট কম্পোজিট লিমিটেড। এতে অংশগ্রহণ করতে যাওয়া যোগ্য প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের (ইআই) প্রথমবারের মতো নতুন আচরণ বিধি (কোড অব কন্ডাক্ট) মানতে হবে। বুক বিল্ডিং পদ্ধতিতে শেয়ারের দর নির্ধারণ প্রক্রিয়ায় ইআইদের দায়িত্বশীলতা নিশ্চিত করতে চলতি বছরের ফেব্রুয়ারিতে নতুন এই আচরণ বিধি প্রণয়ন করে নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। ইআইদের নতুন আচরণবিধির সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে বিডিংয়ে অংশগ্রহণের জন্য একটি 'বিডিং রেকমেন্ডেশন কমিটি' গঠন করতে হবে। কমপক্ষে দুজন সদস্যের সমন্বয়ে গঠিত এ কমিটির সদস্যদের আনুষঙ্গিক জ্ঞান, যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। কমিটি সিকিউরিটিজের ভ্যালু ও সম্ভাবনা বিশ্লেষণ করে বিডিংয়ে অংশগ্রহণের বিষয়ে সুপারিশ করবে। প্রয়োজনে কী পরিমাণ শেয়ারের জন্য কত টাকা বিনিয়োগ করা যাবে, কমিটি তার প্রতিষ্ঠানকে সেটিও সুপারিশ করবে। সেসব সুপারিশের ভিত্তিতে যোগ্য বিনিয়োগকারীরা নিলামে অংশ নেবে। কমিশন কিংবা স্টক এক্সচেঞ্জের তদন্তের সুবিধার্থে বিডিংয়ে অংশগ্রহণের বিষয়ে ইআইয়ের সিদ্ধান্ত ও কমিটির কার্যক্রমের সব তথ্য সংরক্ষণ করতে হবে।http://bonikbarta.net

দর সংশোধনে মডার্ন ডায়িং

ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) গত সপ্তাহে দরপতনের তালিকায় তৃতীয় স্থানে ছিল 'জেড' ক্যাটাগরির কোম্পানি মডার্ন ডায়িং অ্যান্ড স্ক্রিন প্রিন্টিং লিমিটেড। সপ্তাহজুড়ে এ শেয়ারের দর কমেছে ১৪ দশমিক ৬৮ শতাংশ। গত সপ্তাহে কোম্পানিটির মোট ৩৭ লাখ ১০ হাজার টাকার শেয়ার লেনদেন হয়। এর আগে গত জুন থেকে এ শেয়ারের দর অস্বাভাবিক হারে বাড়তে শুরু করে। ৬ জুন ডিএসইর চিঠির জবাবে কোম্পানি কর্তৃপক্ষ জানিয়েছিল, সম্প্রতি এ শেয়ারের অস্বাভাবিক দরবৃদ্ধির পেছনে অপ্রকাশিত কোনো মূল্যসংবেদনশীল তথ্য নেই তাদের কাছে। গত এক মাসে শেয়ারটির সর্বনিম্ন দর ছিল ২৪০ টাকা ২০ পয়সা ও সর্বোচ্চ ৩৯৪ টাকা ৮০ পয়সা। তাই টানা দরবৃদ্ধির পর সম্প্রতি এ শেয়ারের দরপতনকে সংশোধন হিসেবে দেখছেন বাজারসংশ্লিষ্টরা।http://bonikbarta.net

রফতানি আয়ে ওষুধের অংশ দশমিক ২৮%

বাংলাদেশ থেকে ওষুধ রফতানি বাড়ছে বলে নানাভাবে দাবি করা হলেও প্রকৃতপক্ষে তা এখনো মোট রফতানির ১ শতাংশের সিকিভাগেই আটকে রয়েছে। বাংলাদেশ থেকে বিশ্বের বিভিন্ন দেশে গত অর্থবছরে (২০১৭-১৮) ওষুধ রফতানির পরিমাণ ছিল মোট রফতানির দশমিক ২৮ শতাংশের সামান্য বেশি। রপ্তানী উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্য অনুযায়ী, ২০১৭-১৮ অর্থবছরে ওষুধ রফতানির লক্ষ্যমাত্রা ছিল ১০ কোটি মার্কিন ডলারের। তবে রফতানি হয়েছে ১০ কোটি ৩৪ লাখ ৬০ হাজার ডলার। একই অর্থবছরে বাংলাদেশ থেকে বিশ্বের বিভিন্ন স্থানে পণ্য রফতানি হয়েছে মোট ৩ হাজার ৬৬৬ কোটি ৮১ লাখ ৭০ হাজার ডলার মূল্যের। অর্থাৎ দেশের মোট রফতানিতে ওষুধের অবদান মাত্র দশমিক ২৮ শতাংশের সামান্য বেশি।http://bonikbarta.net

ট্রাম্পের শুল্কের বিরুদ্ধে চীন রাশিয়ার পাল্টা জবাব

চীনা পণ্যের ওপর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আরোপিত উচ্চহারে শুল্ক কার্যকরের পর চীনও পাল্টা আঘাত করেছে। ফলে বিশ্বের দুই বৃহত্তম অর্থনীতির মধ্যে শুরু হওয়া বাণিজ্যযুদ্ধ এখন আর হুমকি-ধমকির মধ্যে সীমিত নেই। খবর এএফপি ও বিবিসি। শুক্রবার রাতে চীন বিশ্ব বাণিজ্য সংস্থায় যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে এরই মধ্যে করা অভিযোগের পরিসর আরো বাড়াচ্ছে বলে ঘোষণা দিয়েছে। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, মার্কিন পণ্যের ওপর 'তাত্ক্ষণিকভাবেই' সমান আকারের ও পরিমাণের শুল্ক কার্যকর করা হয়েছে। শুক্রবার যন্ত্রাংশ, ইলেকট্রনিকস ও আরো কিছু পণ্যসহ মোট ৩ হাজার ৪০০ কোটি ডলার সমমূল্যের চীনা আমদানি পণ্যের ওপর ২৫ শতাংশ শুল্ক কার্যকর করেছে ওয়াশিংটন। বিবিসি জানিয়েছে, মার্কিন পদক্ষেপের পাল্টা প্রতিক্রিয়া হিসেবে গাড়ি, সয়াবিন, লবস্টারসহ ৫৪৫টি মার্কিন পণ্যের ওপর ২৫ শতাংশ শুল্ক কার্যকর করেছে চীন। এসব পণ্যের আমদানি মূল্য ৩ হাজার ৪০০ কোটি ডলার।http://bonikbarta.net

জুনে ২ লাখ ১৩ হাজার কর্মসংস্থান যুক্তরাষ্ট্রে

গত জুনে বিশ্বের বৃহৎ অর্থনীতির দেশ যুক্তরাষ্ট্রে কর্মসংস্থানের হার বেড়েছে। তবে আরো বেশিসংখ্যক মানুষ চাকরির সন্ধান করায় একই সঙ্গে বেড়েছে বেকারত্বের হার। শুক্রবার যুক্তরাষ্ট্র সরকার প্রকাশিত এক প্রতিবেদনে এমন তথ্য উঠে এসেছে। প্রতিবেদনে বলা হয়েছে, জুনে ২ লাখ ১৩ হাজার কর্মসংস্থান হয়েছে, যা বিশ্লেষকদের প্রত্যাশার চেয়ে বেশি। তবে বেকারত্বের হার শূন্য দশমিক ২০ শতাংশ বেড়ে ৪ শতাংশে পৌঁছেছে। তীব্র শ্রমিকস্বল্পতা নিয়ে দেশব্যাপী বিভিন্ন কোম্পানির অনুযোগ সত্ত্বেও আরো একটি মাসে কর্মসংস্থান বৃদ্ধি চাঙ্গা ছিল। প্রায় এক দশকের অর্থনৈতিক পুনরুদ্ধারের পর শ্রমবাজারে নিষ্ক্রিয় চাকরিপ্রার্থী পুনরায় প্রবেশের সুযোগ পাচ্ছেন। বেকারত্ব বৃদ্ধির পাশাপাশি যুক্তরাষ্ট্রে শ্রমবাজারে অংশগ্রহণের হার বেড়ে ৬২ দশমিক ৯০ শতাংশে পৌঁছেছে। একই সঙ্গে বেকারের সংখ্যা প্রায় পাঁচ লাখ বেড়ে ৬৬ লাখে দাঁড়িয়েছে। http://bonikbarta.net

জুনে কম দামে খাবার কিনেছে বিশ্ববাসী

২০১৭ সালে বাড়তি দামে খাবার কিনতে হয়েছিল বিশ্ববাসীকে। চলতি বছরের শুরু থেকেও বিশ্বব্যাপী খাবারের দামে ধারাবাহিক ঊর্ধ্বগতি বজায় ছিল। গত জুনে পরিস্থিতি বদলেছে। বছরের প্রথম মাস হিসেবে এ সময় বৈশ্বিক খাদ্যমূল্য আগের তুলনায় কমেছে। চলতি বছরের মে মাসে বৈশ্বিক খাদ্যমূল্য সূচক আগের মাসের তুলনায় ১ দশমিক ৩ শতাংশ নিম্নমুখী ছিল। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) সর্বশেষ মাসভিত্তিক ফুড প্রাইস ইনডেক্সে (এফএফপিআই) এ তথ্য উঠে এসেছে। বিশ্বের বড় বড় অর্থনীতির মধ্যে চলমান বাণিজ্য বিরোধের প্রভাবে খাবারের দাম আগের তুলনায় কমেছে বলে মনে করছেন বিশ্লেষকরা। http://bonikbarta.net

চাহিদা কমায় ভারতে স্বর্ণ আমদানিতে মন্দাভাব

স্বর্ণের বাজারে দ্বিতীয় শীর্ষ ভোক্তা দেশ ভারত। অভ্যন্তরীণ চাহিদার সিংহভাগ আন্তর্জাতিক বাজার থেকে আমদানির মাধ্যমে পূরণ করে ভারতীয় স্বর্ণ আমদানিকারক ও ব্যবসায়ীরা। চলতি বছরের প্রথম ছয় মাসে (জানুয়ারি-জুন) আন্তর্জাতিক বাজার থেকে ভারতে মূল্যবান ধাতুটির আমদানি আগের বছরের একই সময়ের তুলনায় ৩৮ শতাংশ কমেছে। http://bonikbarta.net